

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: উত্তম চার্চার বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

সভাপতি	এ কে মহিউদ্দিন আহমদ মহাপরিচালক।
সভার তারিখ	২১/০৩/২০২১।
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	অনলাইন সিস্টেম (জুম)।
উপস্থিতি	রেকর্ডেড।

শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর উত্তম চার্চার বিষয়ে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিপিআই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উত্তম চার্চার আওতায় বিপিআই কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ দেন। চলমান অনলাইন সিস্টেম (জুম) এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম, ফায়ার ফাইটিং বিষয়ে সচেতনতা তৈরী এবং বিপিআই প্রাঙ্গনে ফায়ার ফাইটিং মহড়া আয়োজন, মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন এবং বিভিন্ন কার্যক্রমের স্থির/ভিডিও চিত্রের পাশা-পাশি বিপিআই এর লাইব্রেরিতে মুজিব কর্ণার স্থাপনসহ সরকারি নির্দেশনার আলোকে কর্মস্থলে স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়াবলি গুরুত্বের সাথে তুলে ধরা হয়।

৩। এ পর্যায়ে সভাপতি উত্তম চার্চার বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করার লক্ষ্যে প্রত্যেক প্রতিষ্ঠান থেকে উপস্থিত প্রতিনিধিদের অভিজ্ঞতার বর্ণনা করার জন্য অনুরোধ জানান।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব মোঃ আখতার হোসেন, জেনারেল ম্যানেজার মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, উত্তম চার্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। যেমন :

- * অভিযোগ বক্স স্থাপন;
- * নারী ও পুরুষের আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করা, পুনর্ব্যবহার যোগ্য মোটা কাপড়ের দুই লেয়ারের ১০ লাখ মাস্ক বিতরণ।

৫। জনাব মাহাদী হাসান, উপপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, পেট্রোবাংলা ও বিপিসি এর আওতাধীন সকল প্রতিষ্ঠানের আইনের সংকলনে “আইন ও বিধিমালা সংকলন” প্রকাশনার কথা উল্লেখ করেন।

৬। জনাব মোহসেনা বেগম, ডেপুটি জেনারেল ম্যানেজার, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড, উত্তম চার্চার বিষয়ে তাঁর প্রতিষ্ঠানের গৃহীত বিভিন্ন পদক্ষেপসমূহের বর্ণনা করেন। তিনি বলেন তারা কুইক রেসপন্স টিম গঠন করেছেন। এছাড়া

করোনা এড়াতে ঘন ঘন হাত ধোয়া, ইন-হাউজ ট্রেইনিং, গাড়ি জীবাণুমুক্তকরণ এবং ডিজিটাল হাজিরার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া তারা বৃক্ষরোপণেরও আয়োজন করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

৭। আলোচনায় অংশ নিয়ে জনাব পি কে সাহা, মহাব্যবস্থাপক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বলেন, তারা সেবা গ্রহণে অপেক্ষমাণ কাস্টমারদের মোবাইল চার্জিং এর ব্যবস্থা করেছেন। করোনা চিকিৎসায় অক্সিজেন সিলিন্ডারের, অক্সিমিটারের ব্যবস্থা করেছেন এবং কর্মীদের জন্য একটি ICU সিট রিজার্ভ রেখেছেন।

৮। পরবর্তীতে আলোচনায় অংশ নিয়ে জনাব বোরহানুদ্দিন, উপমহাব্যবস্থাপক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস বলেন যে, করোনা কালীন তারা মাস্ক, অক্সিজেন সিলিন্ডার সরবরাহ করেছেন। এছাড়া গ্রাহকের বসার জন্য **Visitor's Room** এর ব্যবস্থাও করেছেন।

৯। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট উক্ত সভায় অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ধন্যবাদ জানান এবং উত্তম চর্চার বিষয়ে বিপিআই এর গৃহীত বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন। যেমন:

ক। সবার জন্য গাড়ির ব্যবস্থা;

খ। সবার জুতা/স্যান্ডেল বাইরে রাখা এবং অফিসের অভ্যন্তরে আলাদা স্যান্ডেল ব্যবহার করা;

গ। রিস্ক এড়িয়ে **Footstep** অনুযায়ী ডাইনিং এ খাবারের ব্যবস্থা করা;

ঘ। বৃক্ষরোপণ;

ঙ। ছাদ বাগান করা ইত্যাদি।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক।

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.৩

তারিখ: ৯ চৈত্র ১৪২৭

২৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা]
- ২) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং, আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৬) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৭) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৮) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

- ১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন, প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক